



*Embassy of  
The People's Republic of Bangladesh  
Lisbon, Portugal*

সংবাদ বিজ্ঞপ্তি

**‘জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ১০৪তম জন্মবার্ষিকী ও জাতীয় শিশু দিবস ২০২৪’ উদযাপন**

রবিবার, ১৭ মার্চ ২০২৪

যথাযথ মর্যাদা ও উৎসাহ-উদ্দীপনার মধ্যে দিয়ে পর্তুগালের রাজধানী লিসবনে অবস্থিত বাংলাদেশ দূতাবাস আজ (১৭ মার্চ ২০২৪) জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ১০৪তম জন্মবার্ষিকী ও জাতীয় শিশু দিবস ২০২৪ উদযাপন করেছে।

সকালে চ্যাম্পারি প্রাঙ্গণে রাষ্ট্রদূত রেজিনা আহমেদ দূতাবাসের সকল কর্মকর্তা-কর্মচারীর উপস্থিতিতে জাতীয় পতাকা উত্তোলনের মাধ্যমে দিনের কর্মসূচির সূচনা করেন।

পরবর্তীতে চ্যাম্পারি প্রাঙ্গণে এক উৎসবমুখর অনুষ্ঠানের আয়োজন করা হয়। অনুষ্ঠানের শুরুতে দূতাবাসের সকল কর্মকর্তা-কর্মচারীবৃন্দ এবং পর্তুগালে বসবাসরত প্রবাসী বাংলাদেশীগণ জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পনের মাধ্যমে শ্রদ্ধা নিবেদন করেন। এরপর দিবসটি উপলক্ষে বাংলাদেশের মহামান্য রাষ্ট্রপতি, মাননীয় প্রধানমন্ত্রী এবং পররাষ্ট্র মন্ত্রী কর্তৃক প্রদত্ত বাণী পাঠ করা হয়।

এরপর বঙ্গবন্ধুর জীবন ও কর্মের উপর অনুষ্ঠিত আলোচনা সভায় বক্তৃতা বাংলাদেশের সমৃদ্ধি ও উন্নয়নের লক্ষ্যে বঙ্গবন্ধুর আদর্শ অনুসরণের উপর গুরুত্বারোপ করেন। মান্যবর রাষ্ট্রদূত রেজিনা আহমেদ তাঁর বক্তব্যে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের স্মৃতির প্রতি গভীর শ্রদ্ধা নিবেদন করেন এবং জাতীয় শিশু দিবস উপলক্ষ্যে সকল শিশু কিশোরের প্রতি আন্তরিক অভিনন্দন জানান। তিনি বলেন, বাঙ্গালির অধিকার আদায়ের আপসহীন সংগ্রামে ও বাঙ্গালী জাতীয়তাবাদের বিকাশে বঙ্গবন্ধু তাঁর সমগ্র সত্তাকে নিয়োজিত করেন। বাংলাদেশ আর বঙ্গবন্ধুর ইতিহাস একই সূত্রে গাঁথা। বঙ্গবন্ধু জন্ম নিয়েছিলেন বলেই আজ আমরা একটি স্বাধীন দেশ পেয়েছি। তিনি আরও বলেন যে, বঙ্গবন্ধুর আদর্শ ধারণ করে তাঁর সুযোগ্য কন্যা মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার গতিশীল নেতৃত্বে আজ বাংলাদেশ বঙ্গবন্ধুর স্বপ্নের সোনার বাংলা গড়ার পথে দৃঢ় পদক্ষেপে এগিয়ে চলছে।

এরপর বঙ্গবন্ধুর জীবন ও কর্মের উপর নির্মিত একটি প্রামাণ্যচিত্র প্রদর্শন করা হয়।

উল্লেখ্য, দিবসটি উদযাপন উপলক্ষ্যে ১৫ মার্চ ২০২৪ দূতাবাস লিসবনের পার্ক ইন্টারন্যাশনাল স্কুলের শিশুদের অংশগ্রহণে দুইটি পৃথক বয়সের ক্যাটাগরিতে চিত্রাঙ্কন প্রতিযোগিতার আয়োজন করে। উক্ত স্কুলের ৬ জন শিক্ষক ও দুই শ্রেণি মিলিয়ে ৫০ জন শিশু স্বতঃস্ফূর্তভাবে প্রতিযোগিতায় অংশগ্রহণ করে। এছাড়াও অনুষ্ঠানে বঙ্গবন্ধুর ছোটবেলার উপর নির্মিত এনিমেশন ছবি প্রদর্শন করার হয়। ছবিটির প্রতিপাদ্য পর্তুগীজ ভাষায় বর্ণনা করা হয় এবং শিশুরা অত্যন্ত আগ্রহের সাথে এনিমেটেড ছবিটি অবলোকন করে। অনুষ্ঠানে অংশগ্রহণকারী সকল প্রতিযোগী শিশুর মাঝে পুরস্কার বিতরণ করা হয়।

জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ১০৪তম জন্মবার্ষিকী ও জাতীয় শিশু দিবস উপলক্ষে কেক কাটায় বাংলাদেশি শিশু ও পর্তুগাল প্রবাসী বাংলাদেশীগণ রাষ্ট্রদূতের সঙ্গে যোগ দেন।

অনুষ্ঠানের শেষ পর্যায়ে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ও তাঁর পরিবারের সদস্যবৃন্দ এবং সুখী সমৃদ্ধ বাংলাদেশ গঠনের কামনায় মোনাজাত করা হয়। অনুষ্ঠান শেষে অতিথিগণকে ইফতার পরিবেশন করা হয়।

